

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে সাইন্টিফিক প্রেজেন্টেশন অন রিসেন্ট অ্যাডভান্সেস  
ইন ন্যানোটেকনোলজি শীর্ষক সেমিনার**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দের অংশগ্রহণে ‘সাইন্টিফিক প্রেজেন্টেশন অন রিসেন্ট অ্যাডভান্সেস ইন ন্যানোটেকনোলজি বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (০২ ফেব্রুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে ভিডিও কনফারেন্স রুমে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।

সেমিনারে ‘অর্গানিক এ্যারোসলস ইন খ্রিস্টিন এন্ড পলিউটেড অ্যাটমোস্ফিয়ার: ক্যারেকটারাইজেশন, কেমিক্যাল কম্পোজিশন এন্ড সোর্স এপোশনমেন্ট’ শীর্ষক গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন জাপানের ন্যানজিং ইউনিভার্সিটি অব ইনফরমেশন সায়েন্স এন্ড টেকনোলজির অধ্যাপক ড. মোঃ মোজাম্মেল হক। অন্যদিকে ‘নন-এগ্রিকালচারাল ইমিশনস এনহেন্স এমাইনস্ এন্ড মডুলেট আরবান অ্যাটমোস্ফিয়ার নিউক্লিয়েশন’ শীর্ষক গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন চীনের গবেষক চ্যাং ইউনহুয়া।

উল্লেখ্য, নোবিপ্রবির এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, রসায়ন বিভাগ এবং মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উক্ত সেমিনারে অংশগ্রহণ করেন।

ইফতেখার হোসাইন  
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)  
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪